বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
মুখপাত্র
www.sec.gov.bd

সূত্র নম্বর- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/২৭৯

তারিখ: ০৯ অগ্রহায়ণ ১৪৩৩ বঙ্গাব্দ / ২৪ নভেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: ১০৪০তম কমিশন সভা।

বিএসইসি'র চেয়ারম্যান জনাব মাসুদ খান এর সভাপতিত্বে ১০৪০তম কমিশন সভা অদ্য ২৪/১১/২০২৬ তারিখে কমিশনের সভা কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে:

১। সিকিউরিটিজ আইন ও বিধিবিধান ভঙ্গ করে নিম্নলিখিত মিউচুয়াল ফান্ডের অর্থ Quest BDC Limited এ বিনিয়োগের কারণে ইউনিটহোল্ডারদের চরম আর্থিক ক্ষতি সাধিত হওয়ায় জনস্বার্থে, কমিশন গত ১০১৮ তম কমিশন সভায় NCCBL Mutual Fund-1, LR Global Bangladesh Mutual Fund One, AIBL 1st Islamic Mutual Fund, MBL 1st Mutual Fund, DBH First Mutual Fund এবং Green Delta Mutual Fund এর সম্পদ ব্যবস্থাপক হিসেবে এলআর গ্লোবাল বাংলাদেশ অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড এর নিয়োগ বাতিলের সিদ্ধান্ত গ্রহণ করেছিল। সম্পদ ব্যবস্থাপক হিসেবে নিয়োগ বাতিলের বিষয়ে কমিশনের গৃহীত সিদ্ধান্ত পুনর্বিবেচনার জন্য প্রতিষ্ঠানটি কমিশনের নিকট একটি রিভিউ (Review) আবেদন দাখিল করে। অদ্য ১০৪০ তম কমিশন সভায় এলআর গ্লোবাল বাংলাদেশ অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড এর রিভিউ (Review) আবেদন নামঞ্জুর করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

২। অদ্যকার কমিশন সভায় 'এ' ক্যাটাগরির সকল তালিকাভুক্ত কোম্পানি অথবা যে সকল কোম্পানি ন্যূনতম ৫% নগদ লভ্যাংশ ঘোষণা করছে, সেসব কোম্পানিকে ডিজিটাল প্ল্যাটফর্মে বার্ষিক সাধারণ সভা (এজিএম) আয়োজনের সুযোগ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। শুধু সংশ্লিষ্ট বছরে 'এ' ক্যাটাগরিতে থাকলেই অথবা ন্যূনতম ৫% নগদ লভ্যাংশ ঘোষণা করলেই ডিজিটাল প্ল্যাটফর্মে এজিএম করার সুযোগ পাবে কোম্পানিগুলো। এ সিদ্ধান্ত অবিলম্বে কার্যকর হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

৩। অদ্যকার কমিশন সভায় এসএমই বোর্ডে সেকেন্ডারি লেনদেনের জন্য যোগ্য ব্যক্তি বিনিয়োগকারীর ন্যূনতম বিনিয়োগসীমা ৩০ লাখ টাকা থেকে কমিয়ে ১০ লাখ টাকা নির্ধারণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। কমিশনের পূর্বতন আদেশ/নির্দেশনা সংশোধন করতঃ সংশোধিত আদেশ/নির্দেশনা জারি করার তারিখ থেকে এ সিদ্ধান্ত কার্যকর হবে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর পক্ষে

২৪/১১/২০২৬

মোঃ আবুল কালাম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র